

## ❏ দ্বীনী প্রশ্নোত্তর

বিভাগ/অধ্যায়ঃ বিবাহ ও দাম্পত্য

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

পাত্রী দেখতে গিয়ে পাত্রীর কি কি দেখা যায়? বর ছাড়া কি বরের বাপ চাচা, ভাই বন্ধু বা বুনাইও কি পাত্রী দেখতে পারে?

পাত্রী দেখতে গিয়ে বরের জন্য পাত্রীর চেহারা, হাত ও পায়ের পাতা দেখা বৈধ। অনেকে বলেছেন, খোলা মাথাও দেখা যায়। তবে শর্ত হল, পাত্রীকে নিয়ে নির্জনতা অবলম্বন করা বৈধ নয়। বরং তার সঙ্গে তার কোন এগানা পুরুষ (বাপ-ভাই) অবশ্যই থাকবে। বাপ-মায়েরও উচিৎ নয়, তাঁদেরকে কোন রুমে একাকী ছেড়ে দেওয়া। মহানবী (সঃ) বলেছেন, “কোন পুরুষ যেন কোন বেগানা নারীর সঙ্গে তার সাথে এগানা পুরুষ ছাড়া অবশ্যই নির্জনতা অবলম্বন না করে।” (বুখারী ও মুসলিম, ইবনে বায)

বর ছাড়া ঐ পাত্রীকে অন্য পুরুষ, বরের বাপ-চাচা, ভাই-বন্ধু বা বুনাই দেখতে পারে না। পক্ষান্তরে মেয়ে যদি বেপর্দা হয় অথবা বর যদি পর্দা-বিরোধী হয়, তাহলে আর ফতোয়া কিসের?

🔗 Source — <https://www.hadithbd.com/books/link/?id=443>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন